# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০
www.cpa.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৬

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ- এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী শূণ্য পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল জাঃবেঃস্কেল/২০১৫ | ১৯/১০/২০২৬ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | সিনিয়র মেডিক্যাল অফিসার (গাইনী) | ০১ | টাঃ ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-০৬) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) এম বি বি এস ডিগ্রীসহ ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) গাইনীতে রেজিষ্ট্রার/ আর এস হিসাবে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা।<br>(গ) অবষ্ট্যাটিক ও গাইনীকোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা/ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২। | সিনিয়র মেডিক্যাল অফিসার (বিঃ টিঃ) | ০১ | টাঃ ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-০৬) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | (ক) এম বি বি এস ডিগ্রীসহ ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) রক্ত সঞ্চালন কেন্দ্রে ৪ বৎসরের অভিজ্ঞতা।<br>(গ) রক্ত সঞ্চালন বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা/ডিগ্রী ধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩। | ফাইন্যান্স অফিসার/ একাউন্টস অফিসার/ অডিট অফিসার | ০৫ | টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-০৯) | অনূর্ধ্ব ৩২ বৎসর | হিসাব বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী সহ কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা একাউন্টিং এ মেজরসহ এম বি এ ডিগ্রী। |
| ৪। | প্রভাষক (বাংলা) | ০১ | টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-০৯) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী সহ সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। |
| ৫। | প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) | ০১ | টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-০৯) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী সহ সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬। | প্রভাষক (পরিসংখ্যান) | ০১ | টাঃ ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-০৯) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী সহ সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। |
| ৭। | উপ সহকারী প্রকৌশলী (বিদ্যুতিক)/উপ সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক সহকারী)/ উপ সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক এষ্টিমেটর) | ০৫ | টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | অনূর্ধ্ব ৩২ বৎসর | ডিপ্লোমা-ইন-ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং। |
| ৮। | সিনিয়র স্টাফ নার্স | ০২ | টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড- ১১) | অনূর্ধ্ব ৩২ বৎসর (বিভাগীয় প্রার্থীর জন্য বয়স শিথিলযোগ্য) | ন্যূনপক্ষে এস.এস.সি/ এইচ.এস.সি সহ নার্সিং কাউন্সিল হইতে সাধারণ নার্সিং এবং ধাত্রী বিদ্যায় ডিপ্লোমা। |
| ৯। | ফার্মাসিষ্ট | ০২ | টাঃ ১২৫০০-৩০২৩০/- (গ্রেড- ১১) | অনূর্ধ্ব ৩২ বৎসর | (ক) কমপক্ষে এস.এস.সি/ এইচ.এস.সি প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(খ) ডিপ্লোমা ইন ফার্মেসী কোর্স সনদ থাকিতে হইবে।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১/২ বৎসরের অভিজ্ঞতা। |

আবেদন ফরম পূরণের শর্তাবলীঃ

১। আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট cpadigital.gov.bd/jobs তে অন-লাইনে চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে।

২। অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০X৩০০ রেজুলেশনে সর্ব্বোচ্চ ১০০ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০X৮০ রেজুলেশনে সর্ব্বোচ্চ ৬০ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে স্বাক্ষর আপলোড করতে হবে।

৩। অন লাইনে আবেদন ফরম সাবমিট করার পর-pay now অপশনে ক্লিক করে প্রার্থীকে অন লাইনে ফি জমা দিতে হবে। ০১, ০২, ০৩, ০৪, ০৫, ০৬ ও ০৭ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি ২০০/- (দুইশত) টাকা; ০৮ ও ০৯ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি ১৫০ (একশত পঞ্চাশ) টাকা।

৪। প্রার্থীদের অন-লাইন আবেদনের কপি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

৫। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ- এর ওয়েব সাইটের (www.cpa.gov.bd) মাধ্যমে এবং মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে যথাসময়ে নিয়োগ পরীক্ষার সময়সূচী জানানো হবে। প্রার্থীগণ cpadigital.gov.bd/jobs ওয়েব সাইটে লগ-ইন করে পরীক্ষার প্রবেশপত্র/ ইন্টারভিউ কার্ড ডাউনলোড করে সংগ্রহ করবেন। ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং কোনো প্রবেশপত্র/ ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে না।

৬। কেবল আবেদন দাখিল করা কোন প্রার্থীর চাকুরীর নিশ্চয়তা/অধিকার প্রদান করে না। নিয়োগের ক্ষেত্রে কোটা বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন/নির্দেশনা প্রযোজ্য হবে।

৭। ত্রুটিপূর্ণ, অসম্পুর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ না দর্শিয়ে যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

৮। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

৯। অন-লাইনে আবেদন গ্রহণ শুরুর সময়ঃ ২০/০৯/২০২৬ খ্রিঃ সকাল ১০-০০ টা।

১০। অন-লাইনে আবেদন গ্রহণের শেষ সময়ঃ ১৯/১০/২০২৬ খ্রিঃ রাত ১২-০০ টা।

১১। অন-লাইনে ফি জমাদানের শেষ তারিখঃ ২২/১০/২০২৬ খ্রিঃ।

১৭/০৯/২০২৬

পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং- ১৮.১৩.০০০০.১৮১.১১.০৪-২০২৫/৩০৫

তারিখঃ ১৩/০৯/২০২৬ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

২। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

৩। নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

৪। সকল সদস্য, চবক।

৫। সচিব, চবক- বিজ্ঞপ্তিটি ০২ টি জাতীয় দৈনিকে এবং ০২ টি স্থানীয় দৈনিকে এক দিনের জন্য প্রকাশনার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।

৬। সিস্টেমস্ এনালিষ্ট, চবক- এর ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং প্রার্থীদের আবেদনপত্র ও অন্যান্য তথ্যাদি নিয়োগ কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত সংরক্ষণের অনুরোধ করা হলো।

৭। ম্যানেজার, সোনালী ব্যাংক, বন্দর ভবন শাখা, চট্টগ্রাম- নিয়োগ পরীক্ষার ফি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

৮। লিয়াঁজো অফিসার, ঢাকাস্থ চবক সংযোগ দপ্তর, ২/১ এ, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০।

৯। সহকারী পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, চবক।

১৩/০৯/২০২৬

পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ